# U.G. 5th Semester Examination - 2020

## BENGALI

**Course Code: BBNGDSHT3 [DSE3]**

**Course Title: বাংলা সমালোচনা সাহিত্য**

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘণ্টা

*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) ‘ভারতীয় সাহিত্যে কালিদাসের পরে এ-আখ্যা শুধু রবীন্দ্রনাথেরই প্রাপ্য’ — কোন্ আখ্যার কথা প্রাবন্ধিক বলেছেন?

খ) ‘তিনি যে বড্ডবেশি বড়ো লেখক’ — কার প্রসঙ্গে এই মন্তব্যটি করা হয়েছে?

গ) ‘রবীন্দ্রনাথ ও উত্তরসাধক’ প্রবন্ধটি কত সালে রচিত হয়?

ঘ) মিরন্দা কোন্ নাটকের চরিত্র?

ঙ) ‘সর্বত্র যেমন সাহিত্যেও তেমনি ভাব ও ভঙ্গি যুগে-যুগে বদলায়, সেটাই স্বাভাবিক, সেটাই প্রাণের লক্ষণ।’ — এটি কোন্ প্রবন্ধের অংশ?

চ) ‘জগতের যতটা জ্ঞানের দ্বারা আমি জানিব ও হৃদয়ের দ্বারা আমি পাইব ততটা আমারই ব্যাপ্তি, আমারই বিস্তৃতি।’ — এটি কার মন্তব্য?

ছ) ‘সেই ঘুটঘুটে অন্ধকার জেলখানায় তাঁর কবিসত্তা বাস করত, যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত।’ — কোন্ কবি প্রসঙ্গে একথা বলা হয়েছে?

জ) কার মতে কবিতা হল ‘মেমোরেবল্ স্পীচ্’?

ঝ) ‘উভয়েই “দুরারোহিনী আশালতা” মহামহীরুহ অবলম্বন করিয়া উঠিয়াছিল।’ — কাদের প্রসঙ্গে এ-কথা বলা হয়েছে?

ঞ) ‘মৌচাক’ পত্রিকার সম্পাদক কে ছিলেন?

ট) কোন্ কবিকে ‘ছন্দোরাজ’ বলা হয়?

ঠ) ‘আবোল-তাবোল’ - কার রচনা?

ড) ‘আলংকারিকদের ভাষায় কাব্যের অর্থ দুই প্রকার’ — দুটি প্রকারের নাম কী কী?

ঢ) 'Its sonority, its masculine endings, its visual aspect compose for him a face of flesh.' — এটি কার মন্তব্য?

ণ) ‘মাইকেল’ প্রবন্ধটির রচনাকাল উল্লেখ করো।

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) ‘কর্মফল তাঁকে পৌঁছিয়ে দিয়েছে সেই ভুল স্বর্গে, যেখানে মহত্ত্ব নিতান্তই ধরে নেয়া হয়, পরীক্ষার প্রয়োজন হয় না।’ — কার প্রসঙ্গে কে এই মন্তব্য করেছেন?

খ) ‘বাংলা শিশুসাহিত্যে দুই যুগ দেখিয়াছি’ — প্রাবন্ধিক দুই যুগ বলতে কী বুঝিয়েছেন?

গ) কল্লোল গোষ্ঠীর দু’জন কবির নাম লেখো।

[পরের পাতায়]

ঘ) ‘গদ্যের ক্ষেত্রে রবীন্দ্রনাথের অনতি পরেই দু-জন রবিভক্ত অথচ মৌলিক লেখকের সাক্ষাৎ পাই আমরা।’ — প্রাবন্ধিকের মতে এই ‘মৌলিক লেখক’ কারা?

ঙ) ‘বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন’ প্রবন্ধের যে-কোনো দুটি নিবেদন নিজের ভাষায় লেখো।

চ) ‘উভয়েই অরণ্যমধ্যে প্রতিপালিতা; সরলতার যে কিছু মোহমন্ত্র আছে, উভয়েই তাহাতে সিদ্ধ ।’ — এখানে কোন্ দুটি চরিত্রের কথা বলা হয়েছে?

ছ) ‘কাব্যে অন্তঃপ্রকৃতি ও বহিঃপ্রকৃতির মধ্যে যথার্থ সম্বন্ধ এই যে, উভয়ে উভয়ের প্রতিবিম্ব নিপতিত হয়।’ — কার লেখা কোন্ প্রবন্ধের অংশ এটি?

জ) ‘তিনি আধুনিক বাংলা কাব্যের সবচেয়ে বেশি নিরাশাকরোজ্জ্বল চেতনা।’ — কার প্রসঙ্গে কে এই মন্তব্য করেছেন?

৩। যে-কোনো **দু'টি প্রশ্নের** উত্তর দাও : ৫×২=১০

ক) ‘বিদ্যাপতি ও জয়দেব’ প্রবন্ধে প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় বিদ্যাপতি ও জয়দেবের মধ্যে যে তুলনা করেছেন তা সংক্ষেপে আলোচনা করো।

খ) জীবনানন্দ তাঁর প্রবন্ধে এলিয়ট প্রসঙ্গ কীভাবে এনেছেন তা বুঝিয়ে দাও।

গ) ‘বাংলা শিশুসাহিত্য’ প্রবন্ধে প্রাবন্ধিক বুদ্ধদেব বসু রবীন্দ্রনাথ ঠাকুর এবং অবনীন্দ্রনাথ ঠাকুরের যে তুলনা করেছেন তা সংক্ষেপে লেখো।



৪। যে-কোনো **একটি প্রশ্নের** উত্তর দাও : ১০×১=১০

ক) জীবনানন্দ দাশের ‘কবিতার কথা’ প্রবন্ধটির বক্তব্য সংক্ষেপে লেখো।

খ) আবু সয়ীদ আইয়ুব ‘কবিতার ভাষা’ প্রবন্ধে কবিতার ভাষার যে বৈশিষ্ট্যগুলির উপর আলোকপাত করেছেন তা আলোচনা করো।

গ) ‘রবীন্দ্রনাথ ও উত্তরসাধক’ প্রবন্ধে প্রাবন্ধিক বুদ্ধদেব বসু স্বভাব কবির বৈশিষ্ট্যগুলি প্রসঙ্গে কীভাবে আলোকপাত করেছেন তা আলোচনা করো।

———